

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৭৮০

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১ ত্রান্)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনচ্ছেদ - উপার্জন করা এবং হালাল রুয়ী অবলম্বনের উপায় সন্ধান করা

আরবী

وَعَنْ أَبِي أُمَامَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: لَا تَبِيعُوا الْقَيْنَاتِ وَلَا تَشْتَرُوهُنَّ وَلَا تُعَلِّمُوهُنَّ وَتَمَنُّهُنَّ حَرَامٌ وَفِي مِثْلِ هَذَا نَزَلَتْ: (وَمِنَ النَّاسِ مَنْ يَشْتَرِي لَهْوَ الحَديث)

رَوَاهُ أَحْمَدُ وَالتِّرْمِذِيُّ وَابْنُ مَاجَهْ وَقَالَ التِّرْمِذِيُّ هَذَا حَدِيثٌ غَرِيبٌ وَعلي بن يزيد الرواي يُضعَّفُ فِي الْحَدِيثِ

وَسَنَذْكُرُ حَدِيثَ جَابِرِ: نُهِيَ عَن أكل أهر فِي بَابٍ مَا يَحِلُّ أَكْلُهُ إِنْ شَاءَ الله تَعَالَى،

বাংলা

২৭৮০-[২২] আবূ উমামাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা গায়িকা বেচা-কেনা করো না তাদেরকে (মেয়েদেরকে) গান শিক্ষাও দিয়ো না, এর মূল্য হারাম। এ জাতীয় কাজ যারা করে তাদের ব্যাপারেই কুরআন মাজীদের এ আয়াত অবতীর্ণ হয়েছে, অর্থাৎ- ''কতক মানুষ আল্লাহ্র পথ থেকে বিচ্যুত করার উদ্দেশে অজ্ঞতাবশত অবান্তর কথাবার্তা ক্রয় করে আর আল্লাহর পথকে ঠাট্টা-বিদ্রূপ করে। ওদের জন্যই আছে অবমাননাকর শাস্তি।"- (সুরা লুকমান ৩১ : ৬)।

্আহমাদ, তির্মিয়ী ও ইবনু মাজাহ। ইমাম তির্মিয়ী (রহঃ) বলেন, হাদীসটি গ্রীব। আর 'আলী ইবনু ইয়ায়ীদ হাদীস বর্ণনা ক্ষেত্রে দুর্বল। জাবির (রাঃ)-এর 'বিড়াল খেতে নিষেধ করেন' হাদীসটি 'যা খাওয়া হালাল' অধ্যায়ে ইনশা-আল্লা-হ আমরা শীঘ্রই উল্লেখ করব।][1]

ফুটনোট

[1] য'ঈফ: তিরমিয়ী ১২৮২, ইবনু মাজাহ ২১৬৮, সহীহ আল জামি' ৫০৯১। কারণ এর সনদে 'আলী বিন ইয়াযীদ একজন দুর্বল রাবী।

ব্যাখ্যা



ব্যাখ্যা: (لَا تَبِيغُوا الْقَيْنَاتِ) "তোমরা গায়িকা দাসী বিক্রয় করবে না।" الْقَيْنَاتِ বলা হয় দাসীকে, চাই সে গায়িকা হোক অথবা না হোক। 'আল্লামা তূরিবিশতী বলেনঃ অত্র হাদীসে الْقَيْنَاتِ দ্বারা গায়িকা দাসী উদ্দেশ্য। কেননা দাসী যদি গায়িকা না হয় তাহলে তাকে বিক্রয় করা নিষিদ্ধ নয় দাসী বিক্রয় করা বৈধ।

(پَّمَنُهُنَّ حَرَامٌ) "এদের মূল্য হারাম"। অর্থাৎ যে সকল দাসী গায়িকা তাদের বিক্রয় করা হারাম এজন্য যে, এদের মূল্য হারাম। তাই তাদেরকে বিক্রয় করাও নিষিদ্ধ। তবে তারা যদি গান গাওয়া পরিত্যাগ করে তাহলে তাদেরকে বিক্রয় করা বৈধ এবং তাদের ক্রয়-বিক্রয় বিশুদ্ধ। (তুহফাতুল আহওয়াযী ৪র্থ খন্ড, হাঃ ১২৮২; মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবু উমামাহ্ বাহিলী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন